

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮২৫

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ আল্লাহর সৃষ্টির সংখ্যা, তাঁর সন্তুষ্টি, তাঁর আরশের ওযন ও তাঁর কালেমার কালি পরিমাণ আল্লাহর তাসবীহ পাঠ করার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ بِالتَّسْبِيحِ عَدَدَ خَلْقِ اللَّهِ وَزِنَةَ عَرْشِهِ وَمِدَادَ كَلِمَاتِهِ

## আরবী

825 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْتُمَةً قَالَ: حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةً قَالَ: حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةً قَالَ: سَمِعْتُ كُرَيْبًا يُحَدِّثُ عَنِ ابْنِ شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ مَوْلَى آلِ طَلْحَةً قَالَ: سَمِعْتُ كُرَيْبًا يُحَدِّثُ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ جُويْرِيَةً بِنْتِ الْحَارِثِ قَالَتْ: أَتَى عَلَيَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا عَبَّاسٍ عَنْ جُويْرِيَة بِنْتِ الْحَارِثِ قَالَتْ: أَتَى عَلَيَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا اللَّهِ عَبْ أَنْ اللَّهِ عَبْ أَنْ اللَّهِ عَدْلَ الْهَارِ فَقَالَ: (مَا زِلْتِ قَاعِدَةً)؟ قَالَتْ: قُلْتُ: قُلْتُ: فَلْ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ عَرْشِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللَّهِ وَنَّ بَهِنَّ وَزِنتهِنَّ؟ سَبْحَانَ اللَّهِ عَدُدَ خَلْقِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللَّهِ زِنَةَ عَرْشِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللَّهِ وَنَا يَفْسِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللَّهِ وَنَةً عَرْشِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللَّهِ وَنَةً عَرْشِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللَّهِ رَضَا نَفْسِهِ \_ ثَلَاثَ مَرَّاتٍ \_ سَبْحَانَ اللهِ مداد كلماته \_ ثلاث مرات \_ لرضَا نَفْسِهِ \_ ثَلَاثُ مَرَّاتٍ \_ سبحان الله مداد كلماته \_ ثلاث مرات \_ المصدر : الراوي : جُوَيْرِيَة بِنْتِ الْحَارِثِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1825 لملاحة حكم المحدث: صحيح.

## বাংলা

৮২৫. জুয়াইরিয়া বিনতে হারিস রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, " একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছে আসেন, এসময় আমি তাসবীহ পাঠ করছিলাম। তারপর তিনি তাঁর প্রয়োজনীয় কাজে চলে যান, অতঃপর দ্বি-প্রহরের সময় আমার কাছে ফিরে আসেন এবং আমাকে বলেন, "তুমি এ পর্যন্ত বসে (তাসবীহ পাঠ করতে) ছিলে?" আমি বললাম, "জ্বী, হ্যাঁ " তিনি বলেন, "আমি কি তোমাকে এমন কিছু বাক্য শিক্ষা দিব না, যদি সেগুলোকে তোমার এ পর্যন্ত পাঠ করা তাসবীহ এর সাথে তুলনা করা হয়, তবে তা পরিমাণে ওগুলোর চেয়ে বেশি হবে অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) যদি সেগুলোকে (তোমার এ পর্যন্ত পাঠ করা) তাসবীহ এর সাথে ওযন করা হয়, তবে তা ওযনে বেশি হয়ে যাবে। সেগুলি হলো,



তিনবার বলবে سُبُحَانَ اللَّهِ عَدَدَ خَلْقِهِ (আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি, তাঁর সৃষ্টির সংখ্যা সমপরিমাণ), তিনবার سُبُحَانَ اللَّهِ زِنَةَ عَرْشِهِ (আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি, তাঁর আরশের ওযন পরিমাণ), তিনবার سبحان الله مداد আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি, তাঁর সম্ভুষ্টি পরিমাণ), তিনবার سبحان الله مداد (আমি আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি তাঁর (তাঁর নি'আমত ও প্রশংসার) কালেমা (লিপিবদ্ধ করার) কালি পরিমাণ।) ا"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩২৫; তিরমিযী: ৩৫৫৫; নাসাঈ: ৩/৭৭; সহীহ মুসলিম: ২৭২৬; ইবনু মাজাহ: ৩৮০৮; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৬৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৪৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জুয়াইরিয়া বিনতে হারিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন